# শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-৩৮. অন্যায়ভাবে সম্পদ ভোগ দখল না করা

অন্যায়ভাবে সম্পদ ভোগ দখল বলতে বুঝায়, চুরি, ডাকাতি, সুদ, ঘুষ সহ বিভিন্নভাবে প্রতারণার মাধ্যমে অন্যের সম্পদ নিজ করায়ত্তে নেয়া। আল্লাহ সুবহানাহু তা'আলা বলেন,

وَلَا تَأْكُلُوا أَمْوَالَكُم بَيْنَكُم بِالْبَاطِلِ

“তোমরা অন্যায়ভাবে একে অপরের সম্পদ ভোগ দখল করো না।[১]

অন্যত্র বলা হয়েছে,

فَبِظُلْمٍ مِّنَ الَّذِينَ هَادُوا حَرَّمْنَا عَلَيْهِمْ طَيِّبَاتٍ أُحِلَّتْ لَهُمْ وَبِصَدِّهِمْ عَن سَبِيلِ اللَّهِ كَثِيرًا * وَأَخْذِهِمُ الرِّبَا وَقَدْ نُهُوا عَنْهُ وَأَكْلِهِمْ أَمْوَالَ النَّاسِ بِالْبَاطِلِ

‘তাদের পাপের কারণে এবং আল্লাহর পথে অধিক পরিমাণে বাধা দেয়ার কারণে ইহুদীদের জন্য হারাম করে দিয়েছি অনেক পূতপবিত্র জিনিস যা তাদের জন্য হালাল ছিল। (তাদের আরও অপরাধ ছিল) তারা লোকদের থেকে সুদ গ্রহণ করতো যা তাদেরকে বারণ করা হয়েছিল; তারা মানুষের সম্পদ অন্যায়ভাবে ভোগ করতো।[২]

ওজন বা পরিমাপে কম দেয়া, আবার নেয়ার সময় ওজন বা পরিমাপে বেশী নেয়া- এটি অন্যায়। আল্লাহ্ সুবহানাহু তা'আলার ঘোষণা-

وَيْلٌ لِّلْمُطَفِّفِينَ * الَّذِينَ إِذَا اكْتَالُوا عَلَى النَّاسِ يَسْتَوْفُونَ * وَإِذَا كَالُوهُمْ أَو وَّزَنُوهُمْ يُخْسِرُونَ

‘ধ্বংস ঠগবাজদের জন্য। যারা লোকদের থেকে নেয়ার সময় পুরোপুরি নেয় এবং ওজন বা পরিমাপ করে দেয়ার সময় কম দেয়।[৩]

সূরা বানী ইসরাঈলে বলা হয়েছে,

وَأَوْفُوا الْكَيْلَ إِذَا كِلْتُمْ وَزِنُوا بِالْقِسْطَاسِ الْمُسْتَقِيمِ

‘মেপে দেয়ার সময় সঠিকভাবে মেপে দেবে এবং ওজন করে দিলে সঠিক দাঁড়িপাল্লায় ওজন করবে।[৪]

সহীহ আল বুখারী ও সহীহ্ মুসলিমে বর্ণিত হয়েছে, নবী করীম (সা.) বিদায় হাজ্জের দিন মিনায় বলেছেন,

إِنَّ دِمَاءَكُمْ وَأَمْوَالَكُمْ وَأَعْرَاضَكُمْ حَرَامٌ

‘তোমাদের জীবন, তোমাদের সম্পদ এবং তোমাদের সম্মানকে পবিত্র ঘোষণা করা হল।[৫]

## ফুটনোট

[১]. সূরা আল বাকারা, আয়াত : ১৮৮।

[২]. সূরা আন নিসা, আয়াত : ১৬০, ১৬১।

[৩]. সূরা আল মুতাফফিফীন, আয়াত : ১-৩।

[৪]. সূরা বানী ইসরাঈল, আয়াত : ৩৫।

[৫]. সহীহ্ আল বুখারী, হাজ্জ অধ্যায়; সহীহ্ মুসলিম, হাজ্জ অধ্যায়, রাসূলুল্লাহ্ (সা.)-এর হাজ্জ' শিরোনাম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12336

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন